


প্রেস বিজ্ঞপ্তি

পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী উপলক্ষে সচিবালয় মসজিদে মিলাদ মাহফিল

ঢাকা, ১১/০২/২০১৫:

পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী-২০১৫ উপলক্ষে ঢাকায় বাংলাদেশ সচিবালয় মসজিদে আজ বাদ যোহর মিলাদ ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। জনপ্রশাসন ও ধর্ম মন্ত্রণালয়ের যৌথ আয়োজনে অনুষ্ঠিত এ মিলাদ মাহফিলে দেশ ও জাতির শান্তি, সমৃদ্ধি ও মঙ্গল কামনা করা হয়।

এ সময় ধর্ম মন্ত্রণালয়ের সচিব ড. চৌধুরী মোঃ বাবুল হাসান ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোঃ ইব্রাহীম হোসেন খানসহ সচিবালয়ের সকল মন্ত্রণালয়ের কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। মিলাদ মাহফিলে মোনাজাত পরিচালনা করেন বায়তুল মোকাররম মসজিদের খতিব মওলানা সালাহউদ্দিন।



মোঃ তৌহিদুল ইসলাম
সিনিয়র তথ্য অফিসার
জনপ্রশাসন মন্ত্রণালয়
মোবাইলঃ ০১৭১৮৫৪৩৬২৫